

## আলোছায়া।

জীবনের যোগফল একবার শূন্য হয়েছিল  
 ----একবার একশ  
 তাই একদিন সময়কে সংক্ষিপ্ত করতে গিয়ে  
 পবিত্র হৃৎপিণ্ড থেকে উঠে এলো  
 আমাদের আবক্ষ অন্ধকার  
 তবু আমার বুকের মধ্যে  
 আকাশ সহবাসের ভয়ার্ত আসতি,  
 আমাকে নির্মল করতে চাও করো  
 হে আমার অস্তিত্ব;  
 এসো রাত পাখি, কুলীন মেঘের অভিসারে এসো  
 আমার আমিত্বে যেন রেখে যেতে পারি  
 বিচেছদের নতুন সসীমতায় সময়ের আলোছায়াগুলো।

## পুনর্বাসন

ছড়িয়েছিল রাস্তাগুলো, দু-পা যখন পিছিয়েছিলাম  
 মনের মধ্যে নিলাম হল-হাফগেরস্ট দুঃখ নিলাম.....

পুনর্বাসন স্বপ্ন কিসের? অশৌচাস্ত নঘ ছবির  
 দিন ফুরোলো ইচ্ছেমতো ভাঙতে ভাঙতে তণ কবির

আবার এখন বেরিয়ে এলো কফিন খুলে যৌনবয়স  
 জীবন শাখায় বংশ শাখায় ভবিষ্যতের ব্যক্তি-মানস

মনের মধ্যে মনমাতানো শৃঙ্খলিত সর্বভূতে  
 মানুষ দেখে ইচ্ছে হল আদ্যোপাস্ত মানুষ হতে।

## দ্রশংকর